দৈনিক ইনকিলাব 078

তারিখ ... 10 SEP 19..
পৃষ্ঠা ... 5 ... কলাম ... 1 ...

## উপজেলা পরিক্রমা

# সিরাজগঞ্জ

**॥শরিফুল ইসলাম শরীফ॥**

সিরাজগঞ্জ সদর উপজেলার আয়তন ১২৬ বর্গমাইল। সিরাজগঞ্জ সদর উপজেলার লোকসংখ্যা ৩ লাখ ৩৯ হাজার ৭শ' ৩০ জন। তার মধ্যে পুরুষ লোকসংখ্যা ১ লাখ ৭৫ হাজার ১০ জন এবং মহিলা ১ লাখ ৬৪ হাজার ৭শ' ২০ জন। সদর উপজেলার ইউনিয়ন ১০টি, গ্রামের সংখ্যা ৩১৭, মৌজা ২০৯।

**যোগাযোগ ব্যবস্থা**

উত্তরবঙ্গের যোগাযোগের কেন্দ্রস্থল সিরাজগঞ্জে। যোগাযোগ ব্যবস্থার মধ্যে রয়েছে, সড়কপথ, নৌপথ ও রেলপথ। এ তিন পথেই দেশের প্রত্যেক জেলার সাথে যোগাযোগ রয়েছে। রাজধানী ঢাকার সাথে যোগাযোগের এখন সহজ পথ তৈরী হয়েছে। সিরাজগঞ্জ সদর উপজেলার রাস্তাঘাট প্রায়ই পাকা। কিন্তু বিভিন্ন লাইনে যানবাহন গাড়ির স্বল্পতার জন্য জনগণকে জীবনের ঝুঁকি নিয়ে গাড়িতে উঠতে হয়। অন্যদিকে রেলপথে একই অবস্থা। সিরাজগঞ্জ পাকা রাস্তা ২২ মাইল, সেমিপাকা রাস্তা ২৫ মাইল, কাঁচা রাস্তা ৯২ মাইল।

**কৃষি**

সিরাজগঞ্জ সদর উপজেলায় কৃষি জমির পরিমাণ ৮০ হাজার ৩৮ একর। আবাদী জমির পরিমাণ ৭৮,৭২০ একর। অনাবাদী জমির পরিমাণ ১,৩১৮ একর। সিরাজগঞ্জ সদর উপজেলায় কৃষি পণ্যের মধ্যে রয়েছেঃ ধান, পাট, গম, সরিষা, কলাই, আলু, মিষ্টি আলু, আখ, চিনা, তরমুজ, কাউন, তিল, তিষি এবং বিভিন্ন ধরনের তরিতরকারি।

**শিল্প**

সিরাজগঞ্জ সদর উপজেলায় বেশ কতকগুলো শিল্প প্রতিষ্ঠান গড়ে উঠেছে। সিরাজগঞ্জের ঐতিহ্যবাহী কওমী জুটমিল, রহমতগঞ্জ স্পিনিং এণ্ড কটন মিল ছাড়াও রয়েছে ২টি টেক্সটাইল মিল, ৫টি ফ্লাওয়ার মিল, এর মধ্যে নর্দান ফ্লাওয়ার মিল অত্যাধুনিক। শিল্প প্রতিষ্ঠান ছাড়াও রয়েছে অসংখ্য তেলের মিল, রাইস মিল, ২টি টিনের কারখানা, ১টি ওষুধের কারখানা, (ওয়েসিস ল্যাবরেটরীজ), ১৫টি ইঞ্জিনিয়ারিং ওয়ার্কসপ।

**শিক্ষাঙ্গন**

শিক্ষা, সাহিত্য, সংস্কৃতিতে সিরাজগঞ্জ উপজেলা বেশ অগ্রসর। সিরাজগঞ্জের শিক্ষা প্রতিষ্ঠান থেকে জন্ম নিয়েছে বহু মনীষী, কবি, সাহিত্যিক, রাষ্ট্রনায়ক ও উকিল-মোক্তার।

সিরাজগঞ্জের ঐতিহ্য এখন আর নেই। সিরাজগঞ্জ সদর উপজেলায় সরকারী কলেজ ২টি, সরকারী মহিলা কলেজ ১টি, আইন কলেজ ১টি, হোমিওপ্যাথিক কলেজ ১টি, হাইস্কুল রয়েছে ২০টি, মেডিক্যাল ট্রেনিং স্কুল ১টি, অন্ধ ছাত্র প্রশিক্ষণ স্কুল ১টি, সরকারী প্রাইমারী স্কুল ১৪৮টি, জুনিয়র স্কুল ৯টি ও কিণ্ডার গার্টেন স্কুল ৩টি রয়েছে।

**স্বাস্থ্য**

সিরাজগঞ্জ সদর উপজেলায় ১টি ১০০ শয্যা বিশিষ্ট আধুনিক হাসপাতাল, ১টি ১০ শয্যা বিশিষ্ট শিশু হাসপাতাল, ১টি চক্ষু হাসপাতাল, ১টি রেলওয়ে হাসপাতাল, ১টি যক্ষ্মা নিয়ন্ত্রণ কেন্দ্র, ১টি মাতৃসদন, ১টি থানা হেল্থ কমপ্লেক্স, ৫টি দাতব্য চিকিৎসালয়, ১০টি পরিবার কল্যাণ কেন্দ্র ও ২টি পশু হাসপাতাল রয়েছে। সিরাজগঞ্জ সদর হাসপাতালে পর্যাপ্ত পরিমাণে ওষুধ, যোগ্যতা সম্পন্ন ডাক্তার, বিভিন্ন ধরনের ডাক্তারী যন্ত্রপাতির অভাব নেই। কিন্তু হাসপাতাল কর্তৃপক্ষের ব্যবস্থাপনা দুর্বলতার কারণে রোগীরা চিকিৎসা পাচ্ছে না।

**হাটবাজার**

সিরাজগঞ্জ সদর উপজেলার হাটের সংখ্যা ১৮টি এবং দৈনিক বাজারের সংখ্যা ৯টি। সিরাজগঞ্জ সদর উপজেলার কালিবাড়ী বাজারের ঐতিহ্য বিলুপ্ত প্রায়।

যমুনার ভাঙ্গনে কালাবাড়ী বাজারের ব্যবসায়ীদের হতাশাগ্রস্ত করে ফেলেছে।